সৃজনশীল বাংলাদেশ

# বাংলাদেশ শিল্পকলা একাডেমি

**প্রতিবেদনাধীন বছরঃ** ২০১৯-২০২০ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রমের প্রতিবেদন।

## বাংলাদেশ শিল্পকলা একাডেমির পরিচিতি:

১৯7৪ সালের ১৯ ফেব্রুয়ারি বাংলাদেশ জাতীয় সংসদে গৃহীত ৩১ নং এ্যাক্টের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রতিষ্ঠা করেন । ১৯৮৯ সালের সংশোধিত এ্যাক্টের আওতায় সংস্কৃতি বিকাশের এ জাতীয় প্রতিষ্ঠানটিতে ৬ (ছয়) টি বিভাগের মাধ্যমে কার্যক্রম পরিচালিত হয়। বিভাগগুলো হলো চারুকলা বিভাগ, নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগ, সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগ, গবেষণা ও প্রকাশনা বিভাগ, প্রযোজনা বিভাগ, প্রশিক্ষণ বিভাগ। এছাড়া প্রতিটি জেলায় জেলা শিল্পকলা একাডেমি কার্যক্রম এবং প্রতিটি উপজেলায় উপজেলা শিল্পকলা একাডেমির কার্যক্রমসহ সমগ্র দেশে সংস্কৃতির চর্চা ক্রমবর্ধমান। দেশের সংস্কৃতির বিকাশ ও প্রসারের লক্ষে বাংলাদেশ শিল্পকলা একাডেমি ছয়টি বিভাগ ও জেলা /উপজেলা শিল্পকলা একাডেমি সমন্বিত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক আয়োজনে প্রতিবছর "শিল্পকলা পদক" প্রদানসহ দেশের ৬৪ টি জেলা শিল্পকলা এ কাডেমি সম্মাননা প্রদান এবং জেলা /উপজেলা শিল্পকলা একাডেমির মাধ্যমে সকল জাতীয় দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়।

### স্লোগান:

- শিল্প সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ
- ৫৬ হাজার বর্গমাইলে শিল্প সংস্কৃতির আলো
- ১৬ কোটি মানুষের জন্য শিল্প সংস্কৃতি
- সৃজনশীল বাংলাদেশ

### অবকাঠামোগত উন্নয়ন ও প্রকল্পসমূহ:

১. ১৮টি জেলা শিল্পকলা একাডেমিতে নতুন ভবন নির্মাণ কাজের সূচনা
২. ৪৪টি জেলার মধ্যে ১৫টি জেলা শিল্পকলা একাডেমি সংস্কার ও মেরামত কাজের সূচনা , বাকিগুলো প্রক্রিয়াধীন
৩. ১০৬টি উপজেলা শিল্পকলা একাডেমি নির্মাণ কার্যক্রমের সূচনা
৪. চারুকলা কমপ্লেক্স নির্মাণ এবং ৭ম তলা পর্যন্ত উর্ধ্বমুখী নির্মাণ কার্যক্রম প্রক্রিয়াধীন
৫. অত্যাধুনিক নন্দনমঞ্চ নির্মাণ
৬. বাংলাদেশ শিল্পকলা একাডেমি জেলা থেকে উপজেলা পর্যন্ত বিস্তার ও কার্যক্রম সম্প্রসারিত
৭. জেলা শিল্পকলা একাডেমি, মাদারীপুর এবং সুনামগঞ্জের নতুন ভবন উদ্বোধন
৮. হালুয়াঘাট, নওগাঁ এবং দিনাজপুর ক্ষুদ্র নৃগোষ্ঠী সাংস্কৃতিক একাডেমি নির্মাণ কর্মসূচি
৯. সংগীত ও নৃত্য সংগঠন সমূহকে সহায়তা প্রদান কর্মসূচি বাস্তবায়ন
১০. বাংলাদেশের সব সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন
১১. বাংলাদেশ শিল্পকলা একাডেমির ভবনসমূহ সংস্কার ও মেরামত কর্মসূচির কার্যক্রম
১২. শিল্পচর্চায় তথ্যপ্রযুক্তির আধুনিক যন্ত্রপাতি সংযোজন ও ডিজিটালাইজেশন কর্মসূচি সম্পাদন
১৩. ৪৮৯টি উপজেলা বালিকা বিদ্যালয়ে হারমোনিয়াম ও বায়া-তবলা সরবরাহ কর্মসূচি সম্পন্ন
১৪. ডিজিটাল প্রযুক্তিতে সংস্কৃতির ভৌত সুবিধাদি সন্নিবেশকরণ কর্মসূচি সম্পন্ন
১৫. দেশজ সংস্কৃতির বিকাশ ও আন্তর্জাতিক সংস্কৃতির সাথে মেলবন্ধন।

## (১) প্রশাসনিক

১. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য* |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৬ |
| মন্ত্রণালয় | | | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৭২৩ | ৫৫৭ | ১৬৬ | |
| **মোট** | ৭২৩ | ৫৫৭ | ১৬৬ | |

* অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১.২ শূন্যপদের বিন্যাস

| অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | ৯ | ৬০ | ৯ | ৬৪ | ২৪ | ১৬৬ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদাসম্পন্ন/সংস্থা-প্রধান/তদূর্ধ্ব) শূন্য থাকলে তার তালিকা

১.৪ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা

১.৫ অন্যান্য পদের তথ্য

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| × | × |

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নাই।

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| × | × | × | × | × | × | - |

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিস্টেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | × | × | × | × |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | × | × | × | × |

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) * | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিস্টেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| × | × | × | × | × |

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা

**(২) অডিট আপত্তি**

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২০ পর্যন্ত)

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৮ | ৯ | ১০ |
| | **বাংলাদেশ শিল্পকলা একাডেমি** | **১৬০** | **১৫,৪৬৫.৯৪ (লক্ষ টাকায়)** | ১০ | **০৭** | **১০৯.২৮ (লক্ষ টাকায়)** | **১৫৩** | **১৫৩৫৬.৬৬ (লক্ষ টাকায়)** |
| | **সর্বমোট** | | | | | | | |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা:

**(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)**

| প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৮-১৯) মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০৫টি | না | না | না | | ০৫টি |

**(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা** (০১ জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২০ পর্যন্ত)

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| - | - | - | - | - |

**(৫) মানবসম্পদ উন্নয়ন**

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২০ পর্যন্ত)

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| × | × |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থবছরে (২০১৯-২০) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা <u>হয়ে থাকলে তার বর্ণনা:</u>

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: ×

৫.৪ মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি-না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি-না? ×

৫.৫ প্রতিবেদনাধীন অর্থবছরে (০১ জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২০ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : ×

**(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য** (০১ জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২০ পর্যন্ত)

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| × | × |

**(৭) তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন** (০১ জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২০ পর্যন্ত)

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৪৪টি | হ্যাঁ | না | না | - | - |

**(৯) প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট**

৯.১ প্রতিবেদনাধীন অর্থবছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন করে থাকলে তার তালিকা

৯.২ প্রতিবেদনাধীন অর্থবছরে সম্পাদিত **গুরুত্বপুর্ণ/উল্লেখযোগ্য** কার্যাবলি:

বাংলাদেশ শিল্পকলা এ কাডেমির চারুকলা বিভাগের আয়োজনে ১-২১ জুলাই ২০১৯ পর্যন্ত ২৩তম জাতীয় চারুকলা প্রদর্শনী ২০১৯ এর আয়োজন করা হয়। ২৩তম জাতীয় চারুকলা প্রদর্শনী ২০১৯ প্রদর্শনীতে অংশগ্রহণের লক্ষ্যে আবেদনকারীর ৮৫০জন শিল্পীর মধ্য থেকে ৩১০জন শিল্পীর ৩২২টি শিল্পকর্ম নির্বাচন করেন এরমধ্যে ১৫৯টি চিত্রকলা, ৪৫টি ভাস্কর্য, ৫০টি ছাপচিত্র, ১৭টি কারুশিল্প, ৮টি মৃৎশিল্প, ৩৭টি স্থাপনা ও ভিডিও আর্ট ০৭টি কৃৎকলা (পারফরমেন্স আর্ট)। একাডেমির চারুকলা বিভাগের উদ্যোগে 'স্মৃতি সত্তা ভবিষ্যৎ ' শিরোনামে ৮ জুলাই ২০১৯ তারিখ বাংলাদেশের প্রয়াত বিশিষ্ট চারুশিল্পী পটুয়া কামরুল হাসান, শিল্পী এস এম সুলতান ও শিল্পী কাইয়ুম চৌধুরী স্মরণ অনুষ্ঠান আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে ২৩ জুলাই ২০১৯ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিল্পের পাঁচটি শাখার অ্যাপ্রিসিয়েশন কোর্সসমূহের (কোর্সগুলো হলো : (১)ফিল্ম অ্যাপ্রিসিয়েশন কোর্স , (২)আর্ট অ্যাপ্রিসিয়েশন কোর্স , (৩)থিয়েটার অ্যাপ্রিসিয়েশন কোর্স , (৪) মিউজিক অ্যাপ্রিসিয়েশন কোর্স ও (৫) ডান্স অ্যাপ্রিসিয়েশন কোর্স) উদ্বোধন করেন।



২৩তম জাতীয় চারুকলা প্রদর্শনী ২০১৯ এর উদ্বোধীনী



শিল্পবোধ ও নান্দনিক চেতনা শীর্ষক অ্যাপ্রিসিয়েশন কোর্সের

বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও বাংলাদেশ এথনিক আর্টিস্ট ফোরাম এর যৌথ আয়োজনে ৫-৭ আগস্ট ২০১৯ পর্যন্ত তিনদিনব্যাপী 'পাহাড়ের বর্ণিল সংস্কৃতি' শীর্ষক চিত্রকর্ম প্রদর্শনী ২০১৯ আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক জনাব লিয়াকত আলী লাকী এর সভাপ তিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী প্রধান অতিথি, বিশেষ অতিথি জনাব দীপংকর তালুকদার, মাননীয় সংসদ সদস্য , রাঙ্গামাটি এ বং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. মো. আবু হে না মোস্তফা কামাল এনডিসি উপস্থিত ছিলেন। ২০০৪ সালের ২১ আগস্ট বঙ্গবন্ধু এভিনিউ তে বাংলাদেশ আওয়ামীলীগের জনসভায় ভয়াবহ গ্রেনেড হামলার উপর ২১ আগস্ট ২০১৯ তারিখে বাংলাদেশ শিল্পকলা একাডেমির অভ্যন্তরে উন্মুক্ত মাঠ , নন্দন মঞ্চ সংলগ্ন রাস্তায় ১০,০০০ বর্গফুট জায়গাজুড়ে "বিহাইন্ড দ্যা গ্রেনেড " শীর্ষক স্থাপনা শিল্পকর্মের প্রদর্শনী অনুষ্ঠিত হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষে ৩০ আগস্ট ২০১৯ তারিখ ঢাকা মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিয়ে 'আমার বঙ্গবন্ধু', 'আমিই বঙ্গবন্ধু' ও '২০৪১ সালে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা' বিষয়ের উপর শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং একই সাথে দেশের ৪৯০টি উপজেলা ও ৬৪ জেলায় শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয় এবং ১-৩১ আগস্ট ২০১৯ তারিখ পর্যন্ত বঙ্গবন্ধুর উপর অঙ্কিত চিত্রকর্ম, আলোকচিত্র নিয়ে বিশেষ প্রদর্শনীর আয়োজন করা হয়।



সুমাইয়া সায়মা
সপ্তম শ্রেণি

২১ আগস্ট ২০১৯ তারিখে "বিহাইন্ড দ্যা গ্রেনেড" অবলম্বণে চিত্র প্রদর্শনী।



বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা' বিষয়ের উপর শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের স্বপ্নসারথি অবিসংবাদিত ও দূরদর্শী রাষ্ট্রনায়ক। বর্তমান বিশ্বের প্রভাবশালী রাষ্ট্রনায়কদের মধ্যেও তিনি একজন। বাংলাদেশের উন্নয়ন ও অগ্রগতির অসামান্য রূপকার তিনি। তাঁর রয়েছে বর্ণাঢ্য রাজনৈতিক জীবন। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় ২০৪১ সালে উন্নত দেশে পরিণত হওয়ার পথে দৃপ্ত প্রত্যয়ে এগিয়ে চলছে বাংলাদেশ। বাংলাদেশের স্বপ্নসারথি, উন্নয়নের রূপকার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র স্মৃতিবাহী জীবনের বিভিন্ন পর্যায়ের আলোকচিত্র এবং তাঁকে নিয়ে সৃজিত শিল্পকর্ম নিয়ে একাডেমির মহাপরিচালকের সভাপতিত্বে বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি ও জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান এর উপস্থিতিতে জাতীয় চিত্রশালা মিলনায়তনে উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে ২৮ সেপ্টেম্বর থেকে ১৫ নভেম্বর ২০১৯ পর্যন্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র জীবন ও কর্মের উপর ভিত্তি করে 'শেখ হাসিনা: বাংলাদেশের স্বপ্নসারথি' শীর্ষক আলোকচিত্র ও শিল্পকর্মের মাসব্যাপী প্রদর্শনীর আয়োজন করা হয়। ১২ সেপ্টেম্বর থেকে ৫ অক্টোবর ২০১৯ তারিখ পর্যন্ত ২৪(চব্বিশ) দিনব্যাপী চীন আন্তর্জাতিক (সিআরআই) এবং চীন বাংলাদেশ মৈত্রী একাডেমির সহযোগিতায় বাংলাদেশের মোট ১১টি বিশ্ববিদ্যালয় ও কলেজের আর্ট বিভাগের শিক্ষার্থীরা প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে।




মাননীয় প্রধানমন্ত্রীর শেখ হাসিনা স্বপ্নসারথি শীর্ষক প্রদর্শনী উদ্বোধনী অনুষ্ঠান

'শেখ হাসিনা: বাংলাদেশের স্বপ্নসারথি' শীর্ষক আলোকচিত্র ও শিল্পকর্মের মাসব্যাপী প্রদর্শনী উপলক্ষে ৩ অক্টোবর ২০১৯ তারিখ আলোচনা সভায় একাডেমির মহাপরিচালক জনাব লিয়াকত আলী লাকী এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব খালিদ মাহমুদ চৌধুরী এমপি, বিশেষ অতিথি বিশিষ্ট শিক্ষাবিদ ও শিল্পসমালোচক অধ্যাপক নজরুল ইসলাম এবং বিশিষ্ট সাংবাদিক জনাব মনজুরুল আহসান বুলবুল। ১৩ অক্টোবর ২০১৯ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শ. ম. রেজাউল করিম এমপি, বিশেষ অতিথি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. মো. আবু হেনা মোস্তফা কামাল এনডিসি এবং জাতীয় অধ্যাপক ড. রফিকুল ইসলাম। ১৫ অক্টোবর ২০১৯ তারিখ প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি, বিশেষ অতিথি জাতীয় অধ্যাপক ড. রফিকুল ইসলাম এবং অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। ২৭ অক্টোবর ২০১৯ তারিখ বিশেষ অতিথি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. মো. আবু হেনা মোস্তফা কামাল এনডিসি এবং কথা সাহিত্যিক ইমদাদুল হক মিলন।




মাননীয় প্রধানমন্ত্রীর শেখ হাসিনা স্বপ্নসারথি শীর্ষক আলোচনা অনুষ্ঠান

শিল্পের আলোয় ২০২০ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উদযাপনের অংশ হিসেবে বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' এবং 'কারাগারের রোজনামচা' অবলম্বনে 'বঙ্গবন্ধু: জীবন থেকে চিত্রপটে' শিরোনামে দেশের ১০০জন বিশিষ্ট চারুশিল্পীর ১০০টি শিল্পকর্ম নির্মাণের লক্ষ্যে আর্টক্যাম্প অনুষ্ঠিত এবং অনুষ্ঠানে উল্লিখিত গ্রন্থ দু'টির উপর জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক হারুন অর রশিদ এবং বিশিষ্ট ফোকলোরবিদ ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের সভাপতি ড. শামসুজ্জামান খান পর্যালোচনা মূলক বক্তব্য প্রদান করেন। ২৯ অক্টোবর ২০১৯ তারিখ বাংলাদেশের আধুনিক চারুকলা চর্চার অন্যতম পথিকৃৎ এবং চারুশিল্পের আন্তর্জাতিক পরিমন্ডলে জনপ্রিয়, একুশে পদক ও শিল্পকলা পদক প্রাপ্ত সদ্য প্রয়াত চিত্রশিল্পী কালিদাস কর্মকার এর প্রয়াণে স্মরণানুষ্ঠানের আয়োজন করা হয়। একাডেমি এবং বাংলাদেশস্থ জাতিসংঘ তথ্যকেন্দ্র ও ঢাকাবাসী সংগঠনের যৌথ উদ্যোগে জাতি সংঘ দিবস উপলক্ষ্যে ২৩ অক্টোবর ২০১৯ তারিখ বাংলাদেশস্থ ইউরোপীয়ান কমিশনের রাষ্ট্রদূত এবং ঢাকাবাসীর প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য জনাব ইনাম আহমেদ চৌধুরী উপস্থিতিতে সাবেক পররাষ্ট্র সচিব ও আওয়ামী লীগের সাবেক উপদেষ্টা মরহুম ফারুক আহমেদ চৌধুরী স্মৃতিতে শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করা হয়।







জাতির পিতা বঙ্গাবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী ও রোজনামচার আলোচনা।

বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবর্ষ উদযাপনের অংশ হিসেবে ৩০ নভেম্বর ও ১ ডিসেম্বর ২০১৯ তারিখে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর 'অসমাপ্ত আত্মজীবনী' ও 'কারাগারের রোজনামচা'র উপর ভিত্তি করে 'বঙ্গাবন্ধু: জীবন থেকে চিত্রপটে' শিরোনামে আর্ট ক্যাম্পের অংশ হিসেবে ১০০ জন বিশিষ্ট শিল্পীর ১০০ ফিট ক্যানভাসে সম্মিলিত চিত্রাঙ্কন এবং টুঙ্গিপাড়ায় বঙ্গাবন্ধুর সমাধি সৌধে একাডেমির মহাপরিচালক জনাব লিয়াকত আলী লাকী এর উপস্থিতিতে ১০০ জন শিল্পী কর্তৃক পুষ্পার্ঘ্য নিবেদন করা হয়। এছাড়া শিল্পীদেরকে নিয়ে একাডেমির মহাপরিচালক এর উপস্থিতিতে বঙ্গাবন্ধু'র স্মৃতি বিজড়িত মধুমতি নদীতে নৌকা ভ্রমণ এবং জেলা শিল্পকলা একাডেমি, গোপালগঞ্জের ব্যবস্থাপনায় শেখ ফজলুল হক মনি স্মৃতি মিলনায়তনে চারুশিল্পীদের উপস্থিতিতে সাংস্কৃতিক অনুষ্ঠান ও অ্যাক্রোবেটিক প্রদর্শনীর আয়োজন করা হয়। জেলা শিল্পকলা একাডেমি, নড়াইল এর ব্যবস্থাপনায় ৩০ নভেম্বর ও ১ ডিসেম্বর ২০১৯ তারিখে এস এম সুলতান স্মৃতি সংগ্রহশালা, শিশুস্বর্গ ও জেলা শিল্পকলা একাডেমিতে এস এম সুলতান উৎসব ২০১৯ আয়োজন করা হয়। দু'দিনব্যাপী অনুষ্ঠানমালায় ৩০ নভেম্বর ২০১৯ তারিখে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা, শিশুদের নিয়ে নৌকা ভ্রমন, চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও শিশু কর্মশালা, বিশেষ চাহিদা সম্পন্ন চিত্রশিল্পী সাথি ও জেলা শিল্পকলা একাডেমির গুণীজন সম্মাননা প্রাপ্তদের চিত্রকর্ম প্রদর্শনীর উদ্বোধন, বাউলগানের আসর, স্থানীয় কবিদের অংশগ্রহণে কবিতা পাঠের আসর, শিল্পী শাওন আকন্দ কর্তৃক শিল্পী এস এম সুলতান এর উপর তথ্যচিত্র উপস্থাপন, তথ্যচিত্র প্রদর্শনী 'আদমসুরত' অনুষ্ঠিত হয়।




গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় বঙ্গাবন্ধুর মাজারে শ্রদ্ধাঞ্জলি



গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় 'বঙ্গাবন্ধু: জীবন থেকে চিত্রপটে' শিরোনামে আর্ট ক্যাম্পের একাংশ

একাডেমি এবং চারুশিল্পী সংসদ এর যৌথ উদ্যোগে মহান বিজয় দিবস উপলক্ষে ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখ দিনব্যাপী সাভার জাতীয় স্মৃতিসৌধ প্রাঙ্গাণে দেশের বিশিষ্ট ৩০ জন চারুশিল্পীদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধের উপর ভিত্তি করে আর্টক্যাম্পের আয়োজন এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি মহান বিজয় দিবসে স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়। ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ এমপি এর সভাপতিত্বে ১৯তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ ২০২০ এর জাতীয় কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। এছাড়া ২৬ ডিসেম্বর ২০১৯ তারিখ লোগো, পোস্টার নকশা প্রণয়ন উপকমিটির ১ম সভা এবং ২৯ ডিসেম্বর ২০১৯ তারিখ নীতিমালা প্রণয়ন উপকমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। শিল্পাচার্য জয়নুল আবেদিন এর ১০৫তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ২৯ ডিসেম্বর ২০২০ শিল্পাচার্য এর মাজারে একাডেমির মহাপরিচালক এর নেতৃত্বে একাডেমির পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং শিল্পী কাইয়ুম চৌধুরী ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে ১৭ ডিসেম্বর ২০১৯ তারিখ প্রয়াত বরেণ্য চিত্রশিল্পী কাইয়ুম চৌধুরী স্মরণে তাঁর জীবন ও কর্মের উপর আলোচনা সভা আয়োজন করা হয়। একাডেমি এবং সমকাল শিল্পীগোষ্ঠী যৌথভাবে ২০-৩০ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত জাতীয় চিত্রশালার গ্যালারিতে 'কাব্যরঙ: সমকাল' শীর্ষক সমকালের দশ দিনব্যাপী একাদশ শিল্পকর্ম প্রদর্শনী আয়োজন করা হয়।

বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং জেলা শিল্পকলা একাডেমি , কক্সবাজার এর উদ্যোগে ২৪-৩১ জানুয়ারি ২০২০ পর্যন্ত সৈকত সাংস্কৃতিক উৎসব ২০২০ উপলক্ষ্যে কক্সবাজারের সমুদ্র সৈকত সংলগ্ন লাবণী সমুদ্র সৈকতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা এর উপর উচ্চতা ৪৩ ফুট এবং প্রস্থ ৩২ ফুট সৃজিত প্রতিকৃতি প্রদর্শিত হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং ঢাকাস্থ ভারতীয় হাইকমিশন এর যৌথ উদ্যোগে ভারতের জাতির পিতা মহাত্মা গান্ধী এর ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে তাঁর জীবন কর্মের উপর সৃজিত শিল্পকর্ম ও আলোকচিত্র নিয়ে জাতীয় চিত্রশালার ৪নং গ্যালারিতে ৭-১৬ জানুয়ারি ২০২০ পর্যন্ত প্রদর্শনী আয়োজন করা হয়। আর্টপ্রো এর যৌথভাবে ৬-৯ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত 'আন্তর্জাতিক ভিডিও আর্ট ফেস্টিভ্যাল ২০১৯' আয়োজন করা হয়। এ ফেস্টিভ্যালে বাংলাদেশসহ ১৬টি দেশের ৩৩জন শিল্পীর শিল্পকর্ম সম্বলিত একটি ক্যাটালগম মুদ্রণ করা হয়। জেলা প্রশাসন, নড়াইল এবং এস এম সুলতান ফাউন্ডেশন কর্তৃক নড়াইলে আয়োজিত সুলতান মেলা ২০২০ উপলক্ষে পূর্বের ধারাবাহিকতায় একাডেমির পক্ষ থেকে ২৭ জানুয়ারি ২০২০ তারিখ শিল্পী ড. ফরিদা জামানকে 'সুলতান পদক ২০১৯' প্রদান করা হয় ।





কক্সবাজারে সমুদ্র সৈকতে লাবণী পয়েন্টে বঙ্গবন্ধু ও মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিকৃত প্রদর্শিত।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং জেলা শিল্পকলা একাডেমি , চট্টগ্রাম এর উদ্যোগে ৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে ৯-২১ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত জেলা শিল্পকলা একাডেমি, চট্টগ্রামে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সংগ্রামী জীবনের বিভিন্ন প র্যায়ের আলোকচিত্র এবং তাঁকে নিয়ে সৃজিত শিল্পকর্মে র প্রদর্শনী আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং সামদানি আর্ট ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে ৭-১৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত জাতীয় চিত্রশালার গ্যালারি সমূহে ৫ম ঢাকা আর্ট সামিট ২০২০ আয়োজন করা হয়। প্রদর্শনীতে বাংলাদেশসহ ৪৪টি দেশের চারুশিল্পীরা তাঁদের শিল্পকর্ম নিয়ে অংশগ্রহণ করেন। ১৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখ বাংলাদেশ শিল্পকলা একাডেমির ৪৬তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে ১৯-২৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত একাডেমির সকল বিভাগের ৪৬ বছরের প্রকাশনা ও বিভিন্ন উপকরণ (ব্রোশিউর, ম্যাগাজিন, ক্যাটালগ, আমন্ত্রণপত্র, সিডি/ডিভিডি, পোস্টার, আলোকচিত্র, যন্ত্রপাতি ইত্যাদি) নিয়ে জাতীয় চিত্রশালার ১নং গ্যালারিতে বিশেষ প্রদর্শনীর আয়োজন করা হয়। ১৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখ একাডেমির মহাপরিচালক জনাব লিয়াকত আলী লাকী জাতীয় চিত্রশালার ১নং গ্যালারির সম্মুখ স্থলে উক্ত প্রদর্শনীর উদ্বোধন ঘোষণা করেন। ১২ ফেব্রুয়ারি ২০২০ তারিখ ১৯তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ ২০২০ এর লোগো ও পোস্টার নকশাকরণ কমিটির ২য় সভা এবং নীতিমালা প্রণয়ন কমিটির ২য় সভা ও ১৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখ বাস্তবায়ন কমিটির ১ম সভা একাডেমির মহাপরিচালক এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। একাডেমির উদ্যোগে ২০-২৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত বায়ান্নের ভাষা আন্দোলনে শহীদদের শ্রদ্ধা জানাতে শিশুদের বানানো শহীদ মিনার এর আলোকচিত্রের প্রদর্শনী 'বাংলার আপন সৌধ ' আয়োজন করা হয়েছে। ২০ ফেব্রুয়ারি ২০২০ তারিখ জাতীয় চিত্রশালা মিলনায়তনে বরেণ্য শিল্পীগণের উপস্থিতিতে প্রদর্শনীর উদ্বোধন ঘোষনা করা হয়।

বাংলাদেশের শিল্পীরা সকল জাতীয় আন্দোলনে , গণজাগরনে এবং সকল দুর্যোগকালীন সময়ে অনন্য ভূমিকা পালন করে আসছে। করোনা ভাইরাস জনিত সংকটে আমাদের প্রানপ্রিয় বাংলাদেশ সহ সারা বিশ্ব আজ বিপ র্যস্ত। এ প্রেক্ষাপটে বাংলাদেশ শি ল্পকলা একাডেমির উদ্যোগে কোভিড -১৯ করোনা ভাইরাস সংক্রান্ত বিপযায়ের কারণে বাংলাদেশের সকল শিল্পের শিল্পীদের সুরক্ষা , কর্মহীন শিল্পীদের পাশে দাঁড়ানো জাতির মনোবল সুদৃঢ় করা , দেশের সকল মানুষকে সচেতন , দায়িত্বশীল করা ও বিশ্বমানবকে রক্ষার্থে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে সংবেদনশীল করার নিমিত্ত 'Art Against Corona' শীর্ষক সামাজিক ও সাংস্কৃতিক আন্দোলন গড়ে তোলার প্রত্যয় নিয়ে কাজ করছে। ইতোমধ্যে দেশব্যাপী কবিতা , চলচ্চিত্র, অভিনয়, সংগীত, যন্ত্রসংগীত, নৃত্য ইত্যাদি মাধ্যমের শিল্পীবৃন্দ এই আয়োজনের সাথে সম্পৃক্ত হয়ে কাজ শুরু করেছে এবং এই আন্দোলনের সহযোদ্ধা হিসেবে অনলাইনের মাধ্যমে দেশের বিশিষ্ট চারুশিল্পীদের কাছ থেকে একটি শিল্পকর্ম প্রদানের অনুরোধ জানানো হয়। উক্ত শিল্পকর্মটি দূর্যোগকালীন অনলাইনে বিক্রি করে প্রাথমিকভাবে কর্মহীন হয়ে পড়া চারুশিল্পীদের পাশে দাঁড়ানোর ব্যবস্থা করা হয়েছে এবং শিল্পকর্মটির ডিজিটাল ছবি দিয়ে পরবর্তীকালে একটি ক্যাটালগ প্রকাশ এবং অবিক্রিত শিল্পকর্ম নিয়ে জাতীয় চিত্রশালায় পরবর্তীতে একটি প্রদর্শনী আয়োজনেরও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ কর্মসূচিটি যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে বিশিস্ট চারুশিল্পী অধ্যাপক জামাল আহমদকে মূখ্য সমন্বয়কারী করে বিশিষ্ট শিল্পীদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে।

গবেষণাধর্মী বাংলা ও ইংরেজি প্রবন্ধ সংগ্রহ ও পর্যালোচনাকরণ। শিল্পকলা ষান্মাসিক বাংলা পত্রিকা মুদ্রণ ০২টি। ছোটদের নাটক শীর্ষক গ্রন্থ প্রকাশিত। নির্বাচিত শিশু -কিশোর নাটক শীর্ষক গ্রন্থ প্রকাশিত। হে জ্যোতিময় শিরোনাম গ্রন্থ পুন:প্রকাশিত। বুলবুল চৌধুরী শীর্ষক গ্রন্থ প্রকাশিত। অমর শিল্পী বুলবুল চৌধুরী শীর্ষক গ্রন্থ প্রকাশিত। কল্যাণ মিত্র নাটক সমগ ১, ২, ৩ শীর্ষক গ্রন্থ প্রকাশিত। রমেশশীল মাইজভান্ডারী গান সমগ্র শীর্ষক গ্রন্থ প্রকাশিত। সঙ্গীত অ ন্বেষা শীর্ষক গ্রন্থ প্রকাশিত। কবিতায় বঙ্গবন্ধু শীর্ষক গ্রন্থ পুন:মুদ্রণ প্রকাশিত। বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তা: সাংস্কৃতিক বৈচিত্র শীর্ষক গ্রন্থ প্রকাশিত। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী এ্যালবাম মুদ্রণ। "শিল্পকলা পদক ২০১৯" এবং "জেলা শিল্পকলা সম্মাননা ২০১৯" বৈশ্বিক মহামারি কভিড-২০১৯ এর কারণে প্রদান করা হয়নি। প্রকাশনা বিক্রয় ও সৌজন্য প্রদান।

গ্রন্থ মেলায় অংশগ্রহণ: (ক) অমর একুশে গ্রন্থ মেলায় অংশগ্রহণ এবং (খ) আর্ট সামিটে অংশগ্রহণ।

বাংলাদেশ শিল্পকলা একাডেমির সংগীত , নৃত্য ও আবৃত্তি বিভাগের ব্যবস্থাপনায় ২০১৯-২০২০ অর্থবছরে বিশ্বের বিভিন্ন দেশে বিভিন্ন সাংস্কৃতিক ও ফেস্টিভেল অনুষ্ঠানে অংশগ্রহণের লক্ষ্যে ১০টি টিম প্রেরণ করা হয় যথা:

| ক্রমিক | অনুষ্ঠানের নাম | দেশের নাম | দলনেতা ও শিল্পীর সংখ্যা |
|---|---|---|---|
| ১. | "3rd International golden karagoz Folk Dance Competition" | তুরস্ক (৭-১২ জুলাই, ১৯) | জনাব শওকত আলী যগ্মসচিব এর নেতৃত্বে ১৯ সদস্য বিশিষ্ট। |
| ২. | 12th International Music Festival titled Sharq Taronalari and the International Conference on the Theme Preservation of Tangible and Intangible Cultural Heritage | উজবেকিস্তান (২৫-২৮ আগস্ট ২০১৯) | জনাব কে এম খালিদ, এমপি মাননীয় প্রতিমন্ত্রী এর নেতৃত্বে ০৯ সদস্য বিশিষ্ট। |
| ৩. | '12th Round of the International Samaa Festival for spiritual Music' | মিশর (২০-২৭ সেপ্টেম্বর ২০১৯) | জনাব হাসনা জাহান খানম যুগ্মসচিব এর নেতৃত্বে ১১(এগার) সদস্য বিশিষ্ট। |
| ৪. | Federal Ministry of Information And Culture কর্তৃক নাইজেরিয়ায় অনুষ্ঠেয় "Abuja Carnival-2019" | নাইজেরিয়া (২৩-২৫ নভেম্বর ২০১৯) | জনাব মোঃ আতাউর রহমান উপসচিব এর নেতৃত্বে ২০(বিশ) সদস্য বিশিষ্ট |
| ৫. | OIC এর Golden Jubilee উপলক্ষে সৌদি আরবে জেদ্দায় অনুষ্ঠানে অংশগ্রহণ। | জেদ্দায় (২৫-৩০ নভেম্বর ২০১৯) | জনাব মোঃ জাহিদুল ইসলাম উপসচিবএর নেতৃত্বে ১১(এগার) সদস্য বিশিষ্ট |
| ৬. | বাংলাদেশ উপহাইকমিশন, মুম্বাই, ভারত কর্তৃক বিজয় দিবস উপলক্ষে আয়োজিত ''বাংলাদেশ ফেস্টিভ্যাল" | ভারত (মুম্বাই) ১৬ ডিসেম্বর ২০১৯ | ১০(দশ) সদস্য বিশিষ্ট |
| ৭. | বাংলাদেশ সহকারী হাইকমিশন, আগরতলা, ত্রিপুরা, ভারত কর্তৃক বিজয় দিবস উপলক্ষে ভারতে সাংস্কৃতিক দল প্রেরণ। | ভারত (১৪-১৮ ডিসেম্বর ২০১৯) | ০৯(নয়) সদস্য বিশিষ্ট |
| ৮. | বাংলাদেশ উপ হাইকমিশন, ভারত কর্তৃক মহান বিজয় দিবস উপলক্ষে ভারতে সাংস্কৃতিক দল প্রেরণ। | কলকাতা, ভারত | ০৮(নয়) সদস্য বিশিষ্ট |
| ৯. | International Carnival Calabar" তে অংশগ্রহনের জন্য নাইজেরিয়ার আবুজাতে সাংস্কৃতিক দল প্রেরণ। | আবুজা, নাইজেরিয়ায় (২৬-২৯ ডিসেম্বর) | ২০ সদস্য বিশিষ্ট |

Dhaka as the OIC City of Tourism-2019 উপলক্ষে ১১ জুলাই ২০১৯ হোটেল ইন্টারকন্টিনেন্টাল এ একাডেমির সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগের ব্যবস্থাপনায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে একক সংগীত , বাউল শিল্পীবৃন্দ সমবেত বাউল গান এবং নৃত্য পরিবেশন করা হয়। এছাড়াও অনুষ্ঠানে চাকমা , ত্রিপুরা, রাখাইন, গারো সম্প্রদায়ের সমবেত নৃত্য পরিবেশন করেন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নৃত্যশিল্পীবৃন্দ, পরিচালনায় ছিলেন-অন্তর দেওয়ান।

কোরিয়ার মাননীয় প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফর উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ১৪ জুলাই ২০১৯ তারিখ হোটেল সোনারগাঁও এর বলরুমে একাডেমির সংগীত , নৃত্য ও আবৃত্তি বিভাগের ব্যবস্থাপনায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে সমবেত বাউল সংগীত পরিবেশন করেন ১০জন নারী বাউলশিল্পী। নৃত্য পরিচালক শায়লা আহেমেদ লীমা 'র পরিচালনায় নৃত্যশিল্পীবৃন্দ সমবেত লোক , দেশাত্মবোধক ও বন্ধুত্ব নৃত্য পরিবেশন করেন। ৩টি ক্ষুদ্র-নৃ গোষ্ঠী সম্প্রদায়-চাকমা, রাখাইন ও গারো সম্প্রদায়ের সমবেত নৃত্য পরিবেশন করেন ক্ষুদ্র নৃ -গোষ্ঠী নৃত্যশিল্পীবৃন্দ, পরিচালনায় ছিলেন-অন্তর দেওয়ান।



চিত্র: OIC City of Tourism অনুষ্ঠানে সমবেত নৃত্য



চিত্র: OIC City of Tourism হোটেল সোনারগাঁওয়ের বলরুমে সাংস্কৃতিক দল।

১৮ জুলাই ২০১৯ জাতীয় নাট্যশালা মিলনায়তনে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক শিল্পকলা পদক -২০১৯ প্রদান করা হয়। পদকপ্রাপ্ত ব্যক্তিত্বগণ হলেন কণ্ঠ সঙ্গীতে জনাব গৌর গোপাল সরকার , আবৃত্তিতে জনাব জয়ন্ত চট্টোপাধ্যায় ,চারুকলায় জনাব অলকেশ ঘোষ , নাট্যকলায় জনাব ম . হামিদ, যন্ত্র সঙ্গীতে জনাব সুনীল চন্দ্র দাস , লোকসংস্কৃতিতে জনাব মিনা বড়ুয়া এবং নৃত্যকলায় জনাব শুক্লা সরকার। পদক প্রদান অনুষ্ঠানে একাডেমির সংগীত , নৃত্য ও আবৃত্তি বিভাগের ব্যবস্থাপনায় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।




চিত্র: শিল্পকলা পদক ২০১৮

১৫ অক্টোবর ২০১৯ তারিখ OIC Youth Capital 2020– উপলক্ষে ICYF এর President এবং তাঁর সফরসঙ্গীদের আগমন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানের শুরুতেই সমবেত সংগীত পরিবেশন করে বাংলাদেশ শিল্পকলা একাডেমির শিশুসংগীত শিল্পীবৃন্দ। অনুষ্ঠানে নৃত্য পরিচালক শামীম আরা নীপা ’র পরিচালনায় সমবেত নৃত্য পরিবেশন করে নৃত্যশিল্পীবৃন্দ। ইয়াসমিন আলী ’র সংগীত পরিচালনায় এবং শামীম আরা নীপা ’র নৃত্য পরিচালনায় OIC অন্তর্ভূক্ত ১১টি দেশের গানের সাথে নৃত্যশিল্পীবৃন্দ সমবেত নৃত্য পরিবেশন করে।





চিত্র: শিশু শিল্পীদের শিশু সংগীত এবং নৃত্যশিল্পীদের সমবেত নৃত্য পরিবেশন।

১৬ ডিসেম্বর ২০১৯ মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে বঙ্গভবনে অনুষ্ঠিত রাষ্ট্রীয় সংবর্ধনা অনুষ্ঠানে সাংস্কৃতিক পর্ব আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিভিন্ন বরেণ্য শিল্পীগণ একক সংগীত পরি বেশন করেন। বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে মহান বিজয় দিবস উপলক্ষে ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখ একাডেমির নন্দনমঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে আবৃত্তি, পাঠ, একক সংগীত, সমবেত সংগীত এবং সমবেত নৃত্য পরিবেশিত হয়। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আমন্ত্রণে কলকাতার গবেষণামূলক সাংস্কৃতিক প্রতিষ্ঠান 'নাদ' ১২-১৭ জানুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত বাংলাদেশে সফর করে। সফরকালীন সময়ে দলটি ১৩ জানুয়ারি ২০২০ তারিখ একাডেমির সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগের ব্যবস্থাপনায় একাডেমির জাতীয় নাট্যশালা মিলনায়তনে সংগীতানুষ্ঠানে অংশগ্রহণ করে।


চিত্র: মহান বিজয় দিবস উপলক্ষে বঙ্গভবনে শিল্পীদের সংগীত পরিবেশন।


চিত্র: কলকাতার গবেষণামূলক সাংস্কৃতিক প্রতিষ্ঠান 'নাদ'এর আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

১৫-১৮ জানুয়ারি ২০২০ পর্যন্ত দেশবরেণ্য কন্ঠশিল্পী সৈয়দ আব্দুল হাদী 'র পরিচালনায় একা ডেমির সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগের ব্যবস্থাপনায় সংগীত ও নৃত্যকলা কেন্দ্র মিলনায়তনের তয় তলার মহড়া কক্ষে চারদিনব্যাপী দেশাত্মবোধক গানের কর্মশালা আয়োজন করা হয়। বর্ণিত কর্মশালায় প্রায় ৩০০ শতাধিক শিক্ষার্থী অশগ্রহণ করে। বাংলাদেশ শিল্পকলা একাডেমির ৪৬তম প্রতিষ্ঠা বর্ষিকী উপলক্ষে ১৯ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত চারুকলা গ্যালা রিতে বিভাগীয় কর্মকান্ডের চিত্র প্রদর্শনী আয়োজন করা হয়। আয়োজিত চিত্র প্রদর্শনীতে সংগীত , নৃত্য ও আবৃত্তি বিভাগের বিভিন্ন কার্যক্রমের স্থিরচিত্র , বাদ্যযন্ত্র, বিশিষ্ট ব্যক্তিবৃন্দের জীবনীসহ ফটো প্রদর্শনী এবং ভিডিও প্রদর্শনীর আয়োজন করা হয়।


চিত্র: কণ্ঠশিল্পী সৈয়দ হাদী'র পরিচালনায় দেশাত্মবোধক গানের কর্মশালা।


চিত্র: একাডেমির ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিভিন্ন কাযক্রমের চিত্র প্রদর্শনী।

২০ ফেব্রুয়ারি ২০২০ মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে একুশে পদক -২০২০ প্রদান অনুষ্ঠানে একাডেমির সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগের ব্যবস্থাপনায় আবহ সংগীত পরিবেশন করা হয়। অনুষ্ঠানে পদকপ্রাপ্ত গুণীজন পদক গ্রহণকালে একাডেমির যন্ত্রশিল্পীবৃন্দ আবহ সংগীত পরিবেশন করেন। অমর একুশে ও আন্তর্জাতি ক মাতৃভাষা দিবস উপলক্ষে ২১ ফেব্রুয়ারি ২০২০ বিকেল ৩.০০টায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে প্রতি বছরের ন্যায় কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে বাংলাদেশে অবস্থিত সকল দূতাবাসের মাণ্যবর রাষ্ট্রদূত ও শিল্পীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরুতেই অংশগ্রহণকারী সকল বিদেশী , দেশী শিল্পীরা মঞ্চে এসে জাতীয় সংগীত পরিবেশন করেন। এরপর সকল শহিদদের স্মরণে ১মিনিট নিরবতা পালন করা হয় এবং উপস্থিত সকল বিদেশী শিল্পীদের অংশগ্রহণে ভাষার গান - আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি....পরিবেশিত হয়। বাংলাদেশে অবস্থিত ফ্রান্স, জাপান, ইন্দোনেশিয়া, ভারত এবং স্পেন দূতাবাসের শিল্পীবৃন্দ তাঁদের নিজস্ব ভাষায় কবিতা, গান ও আবৃত্তি পরিবেশন করে। এছাড়া বিভিন্ন দেশের সমবেত সংগীত পরিবেশন করা হয়।




চিত্র: একুশে পদক-২০২০ প্রদান অনুষ্ঠানে আবহ সংগীত পরিবেশন।

বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর জন্য জনসমাগম নিষিদ্ধ হওয়ার কারণে ১ থেকে ৩০ জুন ২০২০পর্যন্ত বাংলাদেশ শিল্পকলা একাডেমির ফেসবুক পেইজে প্রচারের জন্য বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্বদের স্মরণ অনুষ্ঠান ভিডিও রেকর্ডিং করা হয়। তারা হরেন বঙ্গমাতা ফজিলাতুন্নেসা, ওস্তাদ আলাউদ্দিন খাঁ, বুলবুল চৌধুরী, রজনীকান্ত সেন, অতুল প্রসাদ সেন, দ্বিজেন্দ্র লাল রায়, মুকুন্দ দাস, আব্বাস উদ্দীন ও উদয় শংকর, ওস্তাদ আয়াত আলী খাঁ, পন্ডিত রবি শংকর, ওস্তাদ আলী আকবর খাঁ , আবদুল লতীফ, আবদুল আলীম, আলতাফ মাহমুদ, কবিয়াল রমেশ চন্দ্র শীল , রাধারমণ দত্ত, কবিয়াল কানাই লাল শীল,.কমল দাশগুপ্ত, ওয়াহিদুল হক, ফিরোজা বেগম, সুবীর নন্দী, আইয়ুব বাচ্চু ও বারী সিদ্দিকী, কবিয়াল বিজয় সরকার, মহেশচন্দ্র, কছিম উদ্দীন, অজিত রায়, রবিন ঘোষ, সত্য সাহা, খন্দকার নুরুল আলম এবং আব্দুর রহমান বয়াতী স্মরণে অনুষ্ঠান আয়োজন করা হয়।

বাংলাদেশ শিল্পকলা একাডেমির নিজস্ব প্রযোজনায় সৈয়দ শামসুল হকের লেখা এবং আতাউর রহমানের নির্দেশনায় ‘হ্যামলেট’ নাটকটির জাতীয় নাট্যশালার মূল মিলনায়তনে ৫টি মঞ্চায়ন হয়।




চিত্র: হ্যামলেট নাটকের দৃশ্য।

নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগের উদ্যোগে ৩০ জুন থেকে ০৪ জুলাই ২০১৯ তারিখ পর্যন্ত ‘স্মৃতি সত্তা ভবিষ্যৎ’ শিরোনামে ০৫ দিনব্যাপী বাংলাদেশের প্রয়াত নাট্যকার, যাত্রানট ও চলচ্চিত্রকার স্মরণে সেমিনার, নাটক ও চলচ্চিত্র প্রদশনীর আয়োজন করা হয়। ১২ জুলাই ২০১৯ তারিখে জাতীয় চিত্রশালা মিলনায়তনে মিডিয়া শিক্ষক ও টেলিভিশন ব্যক্তিত্ব ফুয়া দ চৌধুরী নির্মিত অনুস্ধানী প্রামাণ্যচিত্র ‘ক্ষমাহীন নৃশংসতা’ চলচ্চিত্রটি প্রদশনীর আয়োজন করা হয়। শিল্পকলা পদক ২০১৮ প্রদান অনুষ্ঠানে, ২৫ সেপ্টেম্বর ২০১৯ চায়না এম্বাসি’র আমন্ত্রণে To Chinese National Day Program উপলক্ষে আইসিসিপি, বসুন্ধরায় একাডেমির অ্যাক্রোবে টিক শিল্পীদের অ্যাক্রোবেটিক প্রদর্শনীর আয়োজন করা হয়। ‘আমরা সবাই মঞ্চকুঁড়ি নটনন্দনে ফুটবে’ এই স্লোগানে ৩০ নভেম্বর ও ১ ডিসেম্বর ২০১৯ শেখ ফজলুল হক মনি মিলনায়তন, গোপালগঞ্জে বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও পিপলস থিয়েটার এসোসিয়েশন এর যৌথ উদ্যোগে জেলার শিল্প-সংস্কৃতির সাথে সম্পৃক্ত শিশুদের নিয়ে ‘মঞ্চকুঁড়ি’ সম্মেলনের আয়োজন করা হয়। উক্ত সম্মেলনে সাংস্কৃতিক অনুষ্ঠানে বাংলাদেশ শিল্পকলা একাডেমির অ্যাক্রোবেটিক শিল্পীরা তাদের অ্যাক্রোবেটিক প্রদর্শন করেন। ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখে বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক জনাব লিয়াকত আলী লাকী এর পরিকল্পনা ও নির্দেশনায় জাতীয় স্মৃতিসৌধে মহান বিজয় দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানে বাংলাদেশ শিল্পকলা একাডেমির অ্যাক্রোবেটিক শিল্পীরা অ্যাক্রোবেটিক প্রদর্শনী করেন। ৬৪ জেলা, ৬৪ উপজেলা এবং জাতীয় পর্যায়ের শিল্পী ও সংগঠনের অংশগ্রহণে ৩ থেকে ২৩ জানুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত ২১দিনব্যাপী ‘বাংলাদেশ সাংস্কৃতিক উৎসব ২০২০’ বাংলাদেশ শিল্পকলা একাডেমির উন্মুক্ত প্রাঙ্গণ এবং নন্দনমঞ্চে আয়োজন করা হয়। ৩ জানুয়ারি ২০২০ উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুরু হয় এবং ২৩ জানুয়ারি ২০২০ সমাপনী অনুষ্ঠানের মধ্য দি য়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। অনুষ্ঠানে ৩-১৪ জানুয়ারি, ২০২০ তারিখ পর্যন্ত বাংলাদেশ শিশু অ্যাক্রোবেটিক দল অ্যাক্রোবেটিক প্রদর্শনী করেন এবং ১৫-২৩ জানুয়ারি, ২০২০ তারিখ পর্যন্ত বাংলাদেশ শিল্পকলা একাডেমির সিনিয়র অ্যাক্রোবেটিক শিল্পীরা তাদের অ্যাক্রোবেটিক প্রদর্শনী করে।



*চিত্র: চীন থেকে আগত প্রশিক্ষণপ্রাপ্তদের একাডেমির নন্দনমঞ্চে অ্যাক্রোবেটিক প্রদর্শনী।*

বাংলাদেশ শিল্পকলা একাডেমির সহযোগিতায় এবং পিপলস রিপাবলিক অব চায়না এর উদ্যোগে ১৫ জানুয়ারি ২০২০ জাতীয় নাট্যশালার মূল হলে চাইনিজ নিউ ইয়ার , ৪৫তম চায়না বাংলাদেশ ফেন্ড শীপ এবং মুজিববর্ষ (২০২০-২১) উদযাপন করা হয়। অনুষ্ঠানে বাংলাদেশ শিল্পকলা একাডেমির অ্যাক্রোবেটিক দল অ্যাক্রোবেটিক প্রদর্শন করে। বাংলাদেশ শিল্পকলা একাডেমির ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ১৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখ একাডেমির নন্দনমঞ্চে অ্যাক্রোবেটিক প্রদর্শনীর আয়োজন করা হয়। মন্ত্রিপরিষদ এর আয়োজনে বঙ্গভবনে ১৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখ বাংলাদেশ শিল্পকলা একাডেমির অ্যাক্রোবেটিক দল অ্যাক্রোবেটিক প্রদর্শন করে। বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে ২৪ ও ২৫ জানুয়ারি লাবনী পয়েন্ট , কক্সবাজারে দুইদিনব্যাপী 'সৈকত সাংস্কৃতিক উ ৎসব ২০২০' এর আয়োজন করা হয়। উৎসবের উদ্বোধনী ২৪ জানুয়ারি কক্সবাজার লাবনী পয়েন্ট মুক্তমঞ্চে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ শিল্পকলা শিল্পকলা একাডেমির অ্যাক্রোবেটিক দল অ্যাক্রোবেটিক প্রদর্শনী করে। করোনা মহামারী চলাকালীন প্রতিদিন বিকাল ০৫-০০টা হতে বাংলাদেশ শিল্পকলা একাডেমির ফেসবুক পেইজে "Art Against Corona" শীর্ষক নামক বিভিন্ন অনুষ্ঠান লাইভে প্রচারিত হয়।

চীনা সাংস্কৃতিক মাস ২০১৯ উপলক্ষে বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে ২৮ জুলাই ২০১৯ তারিখ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক চিত্রা এবং রথযাত্রা প্রদশনীর আয়ো জন করা হয়। ০১ থেকে ৩১ আগস্ট ২০১৯ তারিখ পযন্ত ০৯দিনব্যাপী চলচ্চিত্র নির্মাতাদের নিয়ে 'ফিল্ম অ্যাপ্রিসিয়েশন কোর্স ২০১৯ এর কমশালা আয়োজন করা হয়। ১০ সেপ্টেম্বর ২০১৯ থেকে ১১, ১৩, ১৪, ১৬, ১৮ ও ১৯ মোট ০৭(সাত) দিনব্যাপী একটি চিত্রনাট্য কমশালা ' আয়োজন করা হয়। বাংলা দেশ শিল্পকলা একাডেমি এবং পিপলস থিয়েটার এসোসিয়েশন এর যৌথ আয়োজনে ২০-২৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত জাতীয় নাট্যশালা মূল হল, এক্সপেরিমেন্টাল থিয়েটার হল এবং স্টুডিও থিয়েটার হলে ০৯(নয়) দিনব্যাপী 'চতুর্দশ জাতীয় শিশু কিশোর নাট্য ও সাংস্কৃতিক উৎসব ২০১৯' অনুষ্ঠিত হয়। ৫-৭ নভেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত বাংলাদশে শিল্পকলা একাডেমিতে উপমহাদেশের প্রখ্যাত গণসংগীত শিল্পী ড . ভূপেন হাজারিকা'র ৮ম প্রয়াণ দিবস উপলক্ষে 'মোরা যাত্রী একই তরণীর ' শীষক তিনদিনব্যাপী আলোচনা, সঙ্গীত ও নৃত্যানুষ্ঠানের আয়োজন করা হয়। ৭ নভেম্বর ২০১৯ তারিখ একাডেমির জাতীয় নাট্যশালা মিলনায়তনে তিনদিনব্যাপী অনুষ্ঠানের সমাপনী সন্ধ্যায় অসম কলাতীর্থ ও এস বি মুভিজের নিবেদন কমলা রানির গল্প অবলম্বনে ড. পরমানন্দ রাজবংশী'র রচনা, প্রযোজনা ও পরিচালনায় মঞ্চস্থ হয় অসমিয়া নাটক 'কমলাকুঁয়রীর সাধু'। ২৮-২৯ নভেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত ০২(দুই) দিনব্যাপী জাতীয় নাট্যশালার স্টুডিও থিয়েটর হলে 'যাত্রাশিল্প নীতিমালা-২০২০ অনুযায়ী যাত্রাদল নিবন্ধনের লক্ষে ১১তম যাত্রা নিবন্ধন অনুষ্ঠান-২০১৯ আয়োজন করা হয়েছে। ১২ সেপ্টেম্বর ২০১৯ তারিখ থেকে ১৬ নভেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত ০২ (দুই) মাসব্যাপী ইন্টারন্যা শনাল ডিজিটাল কালচারাল আর্কাইভ কক্ষে 'থিয়েটার অ্যাপ্রিসিয়েশন কোস' অনুষ্ঠিত হয়। ৭ ডিসেম্বর ২০১৯ তারিখে ১০-১৮ বছরের শিশু কিশোরদের নিয়ে 'চলচ্চিত্র নির্মাণে হাতেখড়ি' শীষক চলচ্চিত্র নির্মাণ কর্মশালা ও 'শিল্পবোধ ও নান্দনিক চেতনা ' শীষক ফিল্ম এবং নাটক অ্যাপ্রি সিয়েশন কোর্স এর সমাপনী অনুষ্ঠান ও সনদপত্র বিতরণের আয়োজন করা হয়। ১১-১৯ জানুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত অষ্টাদশ ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ২০১০ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড . এ কে আব্দুল মোমেন, এমপি, মন্ত্রী পররাষ্ট্র বি ষয়ক মন্ত্রণালয়। বাংলাদেশ চিলড্রেন ফিল্ম সোসাইটির আয়োজনে এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি সহযোগিতায় ২৪-৩১ জানুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত ১৩তম ইন্টারন্যাশনাল চিলড্রেন ফিল্ম ফেস্টিবল এর আয়োজন করা হয়।

| ক্র. | তারিখ | প্রশিক্ষণসমূহ | তারিখ |
|---|---|---|---|
| ১. | ০৮-২৩ সেপ্টেম্বর, ১৯ | ডান্স অ্যাপ্রিয়েশন কোর্স | |
| ২. | ২২-৩১ অক্টোবর, ১৯ | ছত্রিয়া ও বিহু নাচের কর্মশালা | |
| ৩. | ১৮ ও ১৯ ডিসেম্বর, ১৯ | নথি খোলা, সুচিকরণ চলাচল, শ্রেণিকরণ, সংরক্ষণ ও বিনষ্ট করণ, রেষ্টিস্ট্রার ব্যবস্থাপনা , ডাক ব্যবস্থাপনা , উপস্থাপনা এবং পেন্ডিং লিস্ট উপর ৩য় শ্রেণি কর্মচারীদের ০২ দিনব্যাপী অন জব প্রশিক্ষণ। | ৩য় শ্রেণি |
| ৪. | ০১ ও ০৫ নভেম্বর, ১৯ | রায়বেশের নাচের প্রশিক্ষণ কর্মশালা। | |
| ৫. | ২৯ ও ৩০ ডিসেম্বর, ১৯ | নথি খোলা, সুচিকরণ চলাচল, শ্রেণিকরণ, সংরক্ষণ ও বিনষ্ট করণ, রেষ্টিস্ট্রার ব্যবস্থাপনা , ডাক ব্যবস্থাপনা , উপস্থাপনা এবং পেন্ডিং লিস্ট উপর ৩য় শ্রেণি কর্মচারীদের ০২ দিনব্যাপী অন জব প্রশিক্ষণ। | ৩য় শ্রেণি |
| ৬. | ১৪ জানুয়ারি, ২০২০ | নথি খোলা, সুচিকরণ চলাচল, শ্রেণিকরণ, সংরক্ষণ ও বিনষ্ট করণ, রেষ্টিস্ট্রার ব্যবস্থাপনা , ডাক ব্যবস্থাপনা , উপস্থাপনা এবং পেন্ডিং লিস্ট উপর ১ম ও ২য় শ্রেণি কর্মচারীদের দিনব্যাপী অন জব প্রশিক্ষণ। | ১ম ও ২য় শ্রেণি |
| ৭. | ২৯ জানুয়ারি, ২০২০ | নথি খোলা, সুচিকরণ চলাচল, শ্রেণিকরণ, সংরক্ষণ ও বিনষ্ট করণ, রেষ্টিস্ট্রার ব্যবস্থাপনা , ডাক ব্যবস্থাপনা , উপস্থাপনা এবং পেন্ডিং লিস্ট উপর ১ম ও ২য় শ্রেণি কর্মচারীদের দিনব্যাপী অন জব প্রশিক্ষণ। | ১ম ও ২য় শ্রেণি |
| ৮. | ১৬ ফেব্রুয়ারি, ২০২০ | বাংলা বানান,বাক্য গঠন, ভাষার ব্যবহার ও পত্র লিখন,সরকারি কর্মচারী নিয়মিত উপস্থিতি,সরকারী কর্মচারী আচরণ বিধি৩য় শ্রেণি কর্মচারীদের দিনব্যাপী অন জব প্রশিক্ষণ। | ৩য় শ্রেণি |
| ৯. | ২৪ ফেব্রুয়ারি, ২০২০ | বাংলা বানান,বাক্য গঠন, ভাষার ব্যবহার ও পত্র লিখন,সরকারি কর্মচারী নিয়মিত উপস্থিতি বিধিমালা ২০১৯ সরকারী কর্মচারী আচরণ (বিধি-১৯৭৯), সরকারী কর্মচারী শৃংখলা ও আপীল বিধিমালা২০১৮৩য় শ্রেণি কর্মচারীদের দিনব্যাপী অন জব প্রশিক্ষণ। | ৩য় শ্রেণি |
| ১০. | ০৯ মার্চ, ২০২০ | এপিএ, ই-নথি, এক সেবা | ১ম শ্রেণি |
| ১১. | ২৬ ও ২৭ ফেব্রুয়ারি, ২০২০ | চারুকলা বিষয়ক ওরিয়েন্টেশন কর্মশালা | ৬৩ জেলার চারুকলা প্রশিক্ষকদের নিয়ে ২দিনব্যাপী। |
| ১২. | এপ্রিল-জুন, ২০২০ | নাট্যকলা, চারুকলা, সঙ্গীত, নৃত্য ও তালযন্ত্র বিষয়ে অনলাইনে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন এবং পরবর্তী প্রশিক্ষণ ক্লাসসমূহ চলমান। | |
| ১৩. | | বছরব্যাপী চারুকলা ফাউন্ডেশন কোর্স ও ৩ বছরব্যাপী বেসিক কোর্স চলমান। | |

বর্তমান বৈশ্বিক মহামারী করোনাকালীন নৃত্য, সংগীত, কবিতা আবৃত্তি, নাটক এবং সেমিনার /কর্মশালাসহ বিভিন্ন অনুষ্ঠান বাংলাদেশ শিল্পকলা একাডেমির ফেসবুক পেইজ-এ বিকাল ০৫-০০ টা হতে প্রতিদিন লাইভ অনুষ্ঠান প্রচার করা হয়। প্রত্যেকটি অনুষ্ঠানে বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক সভাপতিত্ব করেন।

বাংলাদেশ শিল্পকলা একাডেমি এই দূর্যোগকালীন সময়ে সচেতনতামূলক প্রচারণার জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে ০৮ এপ্রিল ২০২০ হতে ২১ এপ্রিল ২০২০ পর্যন্ত ১৪ জন বিশিষ্ট শিল্পী ও নাট্য ব্যক্তিত্বের করোনা ভাইরাস সতর্কীকরণ ভিডিও নির্মাণ এবং ফেসবুক ও ইউটিউবে প্রচারনার ব্যবস্থা করা হয়েছে। শিল্পীরা হলেন - নাট্যব্যক্তিত্ব রামেন্দু মজুমদার , জনাব লিয়াকত আলী লাকী , জনাব মামুনুর রশিদ, জনাব মোশারফ করিম , জনাব হাসান আরিফ , জনাব আফসানা মিমি , জনাব জাকিয়া বারী মম, ড. এজাজুল ইসলাম, জনাব তারিক আনাম খান, জনাব অনিমা রায়, জনাব কামাল বায়েজিদ, জনাব মীর সাব্বির, জনাব ফারুক আহমেদ, জনাব শমী কায়সার প্রমুখ।

<u>প্রোফাইল ডকুমেন্টরিসমূহ:</u>

জনাব মুস্তাফা নূরউল ইসলাম (সময়ের মুখ), জনাব কামাল লোহানী (পিতা পাঠ), শিল্পী মুস্তফা মনোয়ার (শিল্প সারথি), অধ্যাপক সনজীদা খাতুন (বোধিবৃক্ষ), জনাব সিরাজুল ইসলাম চৌধুরী (সুচিন্তার বাতিঘর), ফকির নহির শাহ (সহজ মানুষ), শিল্পী সৈয়দ জাহাঙ্গীর (উল্লাসের ক্যানভাস), সৈয়দ সালাউদ্দিন জাকী, বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর (যে আলো চিরঞ্জীব), শিল্পী সুধীন দাস (গানের মানুষ), জনাব রফিকুন নবী (জীবনের জলছবি), জনাব হাসান আজিজুল হক (রাঢ়বঙ্গের রোদ্দুর মানুষ), সৈয়দ হাসান ইমাম (সময়ের বাতিঘর), জনাব মুর্তজা বশীর (জীবন ও বিবিধ), জনাব সেলিনা হোসেন (আলোকবর্তিকা), জনাব সমরজিৎ রায় চৌধুরী (তরুন আলো আঞ্জলী)।

ঐতিহ্যবাহী লোকনাট্য:

চাঁপাইনবাবগঞ্জের ঐতিহ্যবাহী লোকনাট্য 'ঝান্ডিরগান', খুলনার ঐতিহ্যবাহী লোকনাট্য 'পালকির গান ', হবিগঞ্জ জেলার ঐতিহ্যবাহী কৃষ্টি ও সাংস্কৃতিক অনুষঙ্গ 'মর্শিয়া জারি ', চুয়াডাঙ্গা জেলার ঐহিত্যবাহী কৃষ্টি ও সাংস্কৃতিক অনুষঙ্গ 'মানিকপীরের গান' এবং নওগাঁ জেলার ঐতিহ্যবাহী কৃষ্টি ও সাংস্কৃতিক অনুষঙ্গ 'সাইদুলের কিচ্ছা'।

দূর্যোগকালীন সময়ে গত ২১-০৫-২০২০ তারিখ বাংলাদেশ শিল্পকলা একাডেমি র চিত্রশালা প্লাজায় করোনাকালীন সংকটগ্রস্থ শিল্পীদের মাঝে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে অনুদান প্রদান করা হয়।

৯.৩ **২০১৯-২০২০** অর্থবছরে মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ **(সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সঙ্কট উল্লেখের প্রয়োজন নেই; উদাহরণ: পদ সৃজন, শূন্যপদ পুরণ ইত্যাদি)**

**(১৫) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত** (বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের জন্য)

১৫.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২০ পর্যন্ত)

| **প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা** | **প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়)** | **প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দে বিপরীতে ব্যয়ের শতকরা হার** | **প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা** |
|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** |
| জাতীয় চিত্রশালা এবং জাতীয় সংগীত ও নৃত্যকলা কেন্দ্রের সম্প্রসারণ ও অসমাপ্ত কাজ সমাপ্তকরণ প্রকল্প | ৩৮.৬০ | ০.৬৫ (১.৬৯%) | - |
| কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমির ভবন নির্মাণ প্রক | ১৫.৯৩ | ৩.৬৫ (২২.৯২%) | - |
| বিভাগীয় ও জেলা শিল্পকলা একাডেমি নির্মাণ প্রকল্প | ২৪.২৬০০ | ২০.৮৬৫৮ (৮৬%) | ১২ |

- **ভবিষ্যত পরিকল্পনা**

শিল্প সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ গঠনের লক্ষ্যে উপজেলা পর্যায়ে সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ, বিভাগীয়, জেলা এবং উপজেলা শিল্পকলা একাডেমির জন্য প্রয়োজনীয় পদ সৃষ্টি, ইউনেস্কোর সাথে কার্যক্রম পরিচালনা, জাতীয় চিত্রশালার শিল্পকর্মের সংগ্রহের পরিমাণ বৃদ্ধি, সাংস্কৃতিক সংগঠনসমূহের সাথে যৌথ কার্যক্রম পরিচালনা, শিশু-কিশোর ও যুবদের জন্য সৃজনশীল সাংস্কৃতিক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন, শুদ্ধ জাতীয় সংগীত প্রশিক্ষণের আয়োজন, শিশু-কিশোর ও যুবদের জন্য সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং উৎসব আয়োজন, হাওর সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ, কেন্দ্রীয় এবং জেলা শিল্পকলা একাডেমিসমূহের সংস্কার ও আধুনিকীকরণ, জেলা শিল্পকলা একাডেমি নির্মাণ, বাংলাদেশের প্রখ্যাত শিল্পী ও কবির নামে স্মৃতিকেন্দ্র নির্মাণ, উপজেলা সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন, প্রবীণ, অটিস্টিক, বিশেষ চাহিদা সম্পন্ন শিশু ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন এবং সংস্কৃতি বিষয়ক গ্রন্থ, বুলেটিন ও পত্রিকা প্রকাশ।

**২০২০-২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠান আয়োজন;
- প্রয়াত গুণী ব্যক্তিদের স্মরণে অনুষ্ঠান আয়োজন;
- নাটক, যাত্রা, চলচ্চিত্র, সঙ্গীত, নৃত্য, আবৃত্তি এবং পুতুলনাট্য বিষয়ক অনুষ্ঠান ও উৎসব আয়োজন;
- জাতীয় দিবসসমূহ উদযাপন;
- জাতীয় ও জেলা ভিত্তিক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন;
- সৃজনশীল ও গবেষণামূলক পুস্তক ও পত্রিকা প্রকাশ;
- বিভিন্ন উৎসব আয়োজন;
- চারুকলা প্রর্দশনী ও আর্ট ক্যাম্প আয়োজন এবং
- দেশের লুপ্তপ্রায় সাংস্কৃতিক উপাদান সংগ্রহ, সংরক্ষণ ও গবেষণা।

সিনিয়র সচিব/সচিবের স্বাক্ষরঃ

নামঃ